The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বোয়িং বিমান বাংলাদেশকে ৭৮৭-১০ ড্রিমলাইনার অফার করেছে

- A Monitor Desk Report | Date: 30 May, 2023



এয়ারবাসের পর এবার আমেরিকান কোম্পানি বোয়িংও তাদের উড়োজাহাজ দেওয়ার প্রস্তাব দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে। বোয়িং তাদের সর্বশেষ মডেল ৭৮৭-১০ ড্রিমলাইনারটির জন্য এই প্রস্তাব দিয়েছে।

বিমানের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আজিম বলেন, বোয়িং সম্প্রতি এ বিষয়ে বিমানের চেয়ারম্যানকে চিঠি দিয়েছে, যা আজ মঙ্গলবার (৩০ মে) বোর্ড সভায় আলোচনা হবে।

"বোয়িংয়ের সঙ্গে আমাদের একটি পার্টনারশিপ রয়েছে, তারা আমাদের বাজারে আসা নতুন মডেল অফার করে থাকে; এ কারণেই তারা তাদের সর্বশেষ মডেলটি আমাদের অফার করেছে। আমাদের বহরে ইতোমধ্যেই তাদের ৭৮৭-৯ মডেলের যাত্রীবাহী বিমান রয়েছে," যোগ করেন তিনি।

উল্লেখ্য, বর্তমানে বিমান বাংলাদেশের বহরে ২১টি উড়োজাহাজ রয়েছে, যার বেশির ভাগই বোয়িং থেকে নেওয়া।

-B